R.N. No.2532/87 Ph.-266228 (Press), 267228 (Resi.) / STD 03483 P. Regd. No.WB/MSD/05

উন্নতমানের পাগ মিল চিমনী
ইটের জন্য যোগাযোগ করুন।

ইউনাইটেড ব্রীক্স

ওসমানপুর, পোঃ-জঙ্গিপুর
(মুর্শিদাবাদ)
ফোন নং- 03483 - 264271
M - 9434637510

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
Jangipur Sambad, Raghunathganj, Murshidabad (W.B)
প্রতিষ্ঠাতা – স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)
প্রথ ম প্রকাশ : ১৯১৪

জঙ্গীপুর আরবান কো-অপঃ
ক্রেডিট সোসাইটি লিঃ
রেজি নং-১২/১৯৯৬-৯৭
(মুর্শিদাবাদ জেলা সেন্ট্রাল কো-
অপারেটিভ ব্যাঙ্ক অনুমোদিত)
ফোন ঃ ২৬৬৫৬০
রঘুনাথগঞ্জ।। মুর্শিদাবাদ
মৃগাঙ্ক ভট্টাচার্য্য - সভাপতি
শত্রুঘ্ন সরকার - সম্পাদক

৯৭ বর্ষ
২য় সংখ্যা

রঘুনাথগঞ্জ ১১ই জ্যৈষ্ঠ বুধবার, ১৪১৭।
২৬শে মে ২০১০ সাল।

নগদ মূল্য : ২ টাকা
বার্ষিক : ১০০ টাকা

## পুরবাসীরা আমাদেরই চান – তাই প্রচারে কোন বড় নেতারা নেই - মৃগাঙ্ক

নিজস্ব সংবাদদাতা : আসন্ন পুর ভোটে জঙ্গিপুরে প্রচারে কংগ্রেসের জেরা নেতা অধীর চৌধুরী বা কেন্দ্রীয় মন্ত্রী প্রণব মুখার্জী এখানে এসে প্রতিশ্রুতির বন্যা বইয়ে দিলেও এখানকার মানুষ বিভ্রান্ত হবেন না। তারা আমাদেরই চান। শান্তিপ্রিয় পরিবেশ, শৃঙ্খলাবদ্ধ জীবন বিপন্ন করে কে চান এখানে মস্তানরাজ কায়েম করতে। আমাদের সঙ্গে লড়াই হবে সরাসরি কংগ্রেসের। অন্য কোন দলকে আমি ধর্তব্যের মধ্যে আনছি না। বিভিন্ন ওয়ার্ড ঘুরে আমি প্রচার চালাচ্ছি। বাইরে থেকে বলতে মইনুল হাসান, (শেষ পৃষ্ঠায়)

## জোট নিয়ে অধীরের সমালোচনায় মুখর মুকুল রায়

নিজস্ব সংবাদদাতা : গত ১৫ মে, ধুলিয়ান পুরসভা লজে তৃণমূল কংগ্রেস কর্মি ও সমর্থকদের নিয়ে এক সমাবেশে উপস্থিত হন মন্ত্রী মুকুল রায়। সেখানে মুকুলবাবু বলেন, পুরভোটে মুর্শিদাবাদ জেলায় জোট হয়নি শুধু অধীর চৌধুরীর দাম্ভিকতা ও ঔদ্ধত্যের জন্যই। আমরা কি চেয়েছিলাম ? মুর্শিদাবাদ ও মালদহে মাত্র ১০ শতাংশ আসন ছাড়া হোক। অধীরবাবু তো সরাসরি বলেই দিলেন মুর্শিদাবাদে একটি আসনও তৃণমূলকে দেব না। এই অহঙ্কার ভাল নয়। তিনি তথ্য দিয়ে বলেন, মুর্শিদাবাদ জেলায় ২০০৪ সালে (শেষ পৃষ্ঠায়)

## বোমা বানাতে গিয়ে বিস্ফোরণে যুবক হত, জখম পাঁচ

নিজস্ব সংবাদদাতা : গত ১৪ মে শত্রু নিধনের আক্রোশে বোমা বাঁধতে গিয়ে বিস্ফোরণে মৃত্যু হল এক যুবকের। নাম নাজিমুল সেখ (১৭)। এ ঘটনায় জখম পাঁচজন গা ঢাকা দিয়েছে। ঘটনাটি ঘটেছে কাঞ্চনতলা গ্রাম পঞ্চায়েতের শুলিতলা গ্রামে। গত ৩৩ বছর ধরে এই গ্রামে সিপিএম কংগ্রেস দ্বন্দ্ব। ফলস্বরূপ প্রতিনিয়ত বোমাবাজী, খুন জখম ও কোট কাছারি চলছে। সমসেরগঞ্জ থানার পুলিশ জানিয়েছে– স্থানীয় হাবিব সেখের বাড়িতে বোমা বাঁধার সময় বিস্ফোরণ ঘটে এবং জখম হয় মোট ছয়জন। পুলিশ এখন পর্যন্ত কাউকে গ্রেপ্তার করতে পারেননি। সিপিএম - (শেষ পৃষ্ঠায়)

## একবার সুযোগ দিন – জঙ্গিপুর পুরসভার উন্নয়নে টাকার অভাব হবে না - অধীর

অসিত রায় : সিপিএম পরিচালিত জঙ্গিপুর পুরসভার নাগরিকদের কংগ্রেসী চিন্তাধারায় উদ্বুদ্ধ করতে এবং জঙ্গিপুর পৌরসভায় ক্ষমতার আসবার সুযোগ পেলে নাগরিকদের স্বাচ্ছন্দ্য এবং পরিষেবার জন্য তারা কীভাবে পুর উন্নয়নে সচেষ্ট হতে পারে তার দিশা দিতে জেলা কংগ্রেস সভাপতি সাংসদ অধীর চৌধুরী জঙ্গিপুর পৌরসভার একাধিক ওয়ার্ডে পথসভা করে গেলেন গত ১৯ মে। অধীর বলেন – পরিকল্পনাহীন চিন্তাধারার ফলে জঙ্গিপুর পুরসভার ছন্নছাড়া অবস্থা। ফলে সামগ্রিক উন্নয়নের (শেষ পৃষ্ঠায়)

## সুষ্ঠু পুর ভোট পরিচালনায় দুই পুরসভায় দু'জন অবজারভার

নিজস্ব সংবাদদাতা : জঙ্গিপুর মহকুমার দুই পুরসভা জঙ্গিপুর ও ধুলিয়ানে আসন্ন পুর নির্বাচন যাতে শান্তি-শৃঙ্খলার মধ্যে শেষ হয় তার জন্য দুই পুরসভার দায়িত্ব দু'জন অবসরপ্রাপ্ত ডব্লু.বি.সি.এস কে অবজারভার পদে নিয়োগ করা হয়েছে। জঙ্গিপুর পুর এলাকার দায়িত্বে আছেন দেবাশিস দাস। সহকারী মুখ্য স্বাস্থ্য আধিকারিকের দপ্তর সংলগ্ন গেষ্ট হাউসে তাঁর থাকার ব্যবস্থা করা হয়েছে। যে কোন ব্যক্তি বা প্রার্থী যে কোন অসুবিধায় সরাসরি বা টেলিফোনে তাঁর সাথে যোগাযোগ করতে (শেষ পৃষ্ঠায়)

## কংগ্রেস ধুলিয়ানে ক্ষমতায় এলে দলই পরিচালনা করবে পুর বোর্ড – অধীর

নিজস্ব সংবাদদাতা : গত ১৩ মে ধুলিয়ানে জেলা কংগ্রেস সভাপতি অধীর চৌধুরী বক্তব্য রাখতে গিয়ে বলেন, জেলার ছয়টি পুরসভায় ক্ষমতায় আসছে কংগ্রেস। প্রশাসন সাবধান। কংগ্রেস শান্তিতে ভোট চায়। পুর নির্ব্বাচনে কংগ্রেস কর্মীদের উপর হামলা হলে কংগ্রেসের শক্ত ঘাঁটি মুর্শিদাবাদ – মালদহ স্তব্ধ করে দেওয়া হবে। ধুলিয়ান বিড়ি অধ্যুষিত এলাকা। সব থেকে বেশী রাজস্ব আদায় হয় ধুলিয়ানে। অথচ এই পুরসভার কোনও পরিকাঠামোগত উন্নয়ন ঘটেনি। যানজট সমস্যা (শেষ পৃষ্ঠায়)



বিয়ের বেনারসী, স্বর্ণচরী, কাঞ্জিভরম, বালুচরী, ইক্কত বোমকায়, পৈটানি, আরিষ্টিচ, জারদৌসী, কাঁথাষ্টিচ, গরদ, জামদানী, জ্যাকার্ড, মুর্শিদাবাদ সিল্ক শাড়ী, কালার থান, মেয়েদের চুড়িদার পিস, টপ, ড্রেস পিস, পাইকারী ও খুচরো বিক্রী করা হয়।
পরীক্ষা প্রার্থনীয়।

ঐতিহ্যবাহী সিল্ক প্রতিষ্ঠান

গৌতম মনিয়া

ষ্টেট ব্যাঙ্কের পাশে [মির্জাপুর প্রাইমারী স্কুলের উল্টো দিকে (এ.সি.)]
পোঃ-গনকর (মুর্শিদাবাদ) ফোন:২৬২০৪১/২৬২১৭৬, মোবাইল-৯৪৩৪০০০৭৬৪/৯৩৩২৫৬৯১৯১

।। পেমেন্টের ক্ষেত্রে আমরা সবরকম কার্ড গ্রহণ করি।।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

জঙ্গিপুর সংবাদ

১১ই জ্যৈষ্ঠ বুধবার, ১৪১৭

# ভোটকে কেন্দ্র করে দাদাঠাকুরের কবিতা

### ইলেকসনে বিপরীত রীত

দ্বিজ নন্দন চন্দন পুষ্প করে,
অতি হীন জনে ধরি তুষ্ট করে।
কত বিপ্র কুলোদ্ভব বর্ণ গুরু
এক ভোট তরে ধরে শূদ্র উরু
ধরি বিপ্র পদে নত শূদ্র কহে,
ছি ছি কী কর ঠাকুর কী কর হে
নতজানু হয়ে মম জানু ধরি
তব সূত্র-শিখা অপমান করি,
ইহকাল তরে পরকাল দিলে,
প্রভু হীরক ফেলি কি কাচ নিলে !
কত অট্টালিকাবাসী পাট্টাধারী।
চলে বিদ্বান উদ্যান-পাল বাড়ী।
কত শিক্ষাভিমানীরা ভিক্ষা করে,
চলে লক্ষপতি দীনে লক্ষ্য করে'।
ঘৃণাব্যঞ্জক শব্দে যে 'ত্যানা' কহে,
বলে 'তেনু কাকা' বাড়ীতে আছ হে ?
যিনি তস্কর দলপতি দৈত্য গুরু
তিনি বাক্য দানে আজি কল্পতরু,
ঠেলি নর্দ্দমাকর্দ্দমে অর্দ্ধ রাতে,
কত মর্দ্দ জনে ফিরে ফর্দ্দ হাতে।

[জঙ্গিপুর সংবাদ]

১৩৩১ সাল ১১ শ বর্ষ ২৯ শ সংখ্যা

# ভোটামৃত

শীলভদ্র সান্যাল

১

পড়ল আবার ভোটের কাঠি
রাস্তা ঘাটে উঠল আওয়াজ উঠল
কথার যে খই ফুটল !
রাস্তায় দম-বন্ধ করা গন্ধভরা
ওই হাসে ডাস্টবিন
মিছিল বলে, ভোট দিন, ভোট দিন !

২

দুর্গম সিঁড়ি পৌরভবনে স্বর্গের উঠিবার
অপোনেন্ট সব রেডি ল্যাং দিতে, প্রার্থীরা হুঁশিয়ার!
দুলিতেছে ভোট, ফুলিতেছে ট্যাঁক, ভুলিতেছে কন্ট্রাক্ট হে
ওরা চিৎকার করে, তুমি কর আরও বেশি চিৎকার।

৩

খর বুলি ধায় বেগে
তুমি যেয়ো নাকো ভেগে
আপনার ঢাকটি বাজাইয়ো।
ছেড়ে দিয়ো নাকো হাল
তালে তালে দিয়ো জল
যত পারো, সবারে তাতাইয়ো।

৪

'দেওয়াল লিখন হ'লে ভাই
পাড়ায়-পাড়ায় ভোট নাই।'
'এমন অলক্ষণে কথা বলবেন না দাদা'।
রাতারাতি দেওয়াল হল সাদা।

৫

দূর হ'তে ভেবেছিনু মনে
সার্ধশতবার্ষিকীর পরম লগনে
পূর্ণ্য প্রভাত খানি শান্তি দেবে চিতে।
ওরা সব ব্যস্ত হল মোরে টেনে পথে নামাইতে
পৌরভোটের মুখে দুয়ারে দুয়ারে ঘুরি ঘুরি
আমার বাণীরে লয়ে করে সব শৌখিন মজদুরি।

৬

মাতাল ১ : হাঁরে পটা ! ওরা সবাই কেন এমন করছে ?
লোক জমিয়ে গলা চিরে মরছে !
মাতাল ২ : বুঝলিনা, সব মদের ঘোরে মাথায় করছে পাড়া।
এই দুনিয়ায় সবাই মাতাল তুই আর আমি ছাড়া !

৭

বাড়ি বয়ে এসেছ
মুখে হাসি রেখেছ
বলেছিলে, গদিখানা মিললে
করবই তোর কোনও হিল্লে !
তারপর গেল ভোট
এই বুকে পেনু চোট
তবু গেনু, বুক ধুকুপুকু রে !
তেড়ে এল স্প্যানিয়েল কুকুরে !

৮

আমি চিনি গো চিনি তোমারে
ওগো ভোটের মহাজন
তুমি যে দেশের লাগি
সঁপিয়াছ প্রাণ-মন !
তোমায় দেখেছি স্টেজের পরে
তোমায় দেখেছি অভয় করে
তোমায় দেখেছি।
ওগো মহাজন !
তোমার এরিয়া ভ্রামিয়া শেষে
তুমি এলে যে মোদের দেশে
মোরা ভোটার তোমার দ্বারে
আমরা যে অভাজন !

৯

দাঁড়ান, দাঁড়ান ! সত্যি ক'রে বলুন দেখি –
এই দুনিয়ায় কোন্‌টা খাঁটি, কোন্‌টা মেকি ?
এই যে এখন দোরে দোরে সব জোড়-হাত
পথ-সভায় এ ওর করে মুণ্ডপাত
মিছিল মিটিং ব্লাড-ডোনেশন, শিলান্যাস
টেমপারেচার-তিরিশ ডিগ্রি সেলসিয়াস
তাসের খেলা, রঙের গোলাম ইস্কাপনে
চতুর্দিকে 'মুখ ঢেকে যায় বিজ্ঞাপনে'।
পাঁচবছরে পুজো নেন মা ভোটেশ্বরী
পড়ল যে লাশ, চতুর্দোলায় বলহরি !
লাশটা বলে, 'সব ঝুট হ্যায়' তোবা তোবা
ভোট চুকলে সব যে ফাঁকি, সব যে ভোঁ ভাঁ !
'জিতল কে ডা ?' তারস্বরে কেউ চেঁচান,
দূর থেকে কেউ জবাব দিল, 'মোহনবাগান' ?

১০

দুইটি পাখি ছিল যেটুকু যেথা পেত
শস্যকণা খেত খুঁটি
তাহাতে দু'জনার কিছুতে পোষাতোনা
বাঁধিল তাই দোঁহে জুটি।
একটি পাখি বলে, এ দিকে আমি থাকি
ও দিকে চ'ড়ে খা না তুই।
না করি রাগারাগি ক'রে নি' ভাগাভাগি
শস্য ভরা এই ভুঁই।

# শ্বাসরোধ করে স্ত্রীকে হত্যা

নিজস্ব সংবাদদাতা : গত ১৫/৫/২০১০ রাতে ধুলিয়ান পুরসভার ৬ নং ওয়ার্ডের কাহারপাড়ায় স্বামীর অবৈধ সম্পর্কের প্রতিবাদ করায় খুন হলেন সান্ত্বনা দাস (৩০) নামে এক গৃহবধু। তাদের তিনটি সন্তান আছে। চাঁদ দাস পাউরুটি ভাটার শ্রমিক। বিয়ের পর থেকেই মদ্যপ চাঁদ সান্ত্বনার উপর অকথ্য অত্যাচার করত। অপর এক মহিলার সঙ্গে অবৈধ সম্পর্ক গড়ে উঠে তার। এই নিয়ে দাম্পত্য কলহ তীব্র আকার ধারণ করে। রাতে ঘুমন্ত অবস্থায় চাঁদ শাড়ি দিয়ে সান্ত্বনার গলায় ফাঁস লাগিয়ে শ্বাসরোধ করে খুন করে। চাঁদ পলাতক।

# চিঠিপত্র

মতামত পত্রলেখকের নিজস্ব

## পশ্চিমবঙ্গের নাম রবীন্দ্রভূমি করা যায় কিনা প্রসঙ্গে

অন্যান্য বছরের মত এ বছরেও দেশজুড়ে 'পচিশে বৈশাখ' পালিত হল যথেষ্ট সাড়ম্বরে। সংবাদপত্রে আকাশবাণী দূরদর্শনে জোড়া সাঁকোর ঠাকুরবাড়ি-শান্তিনিকেতনে উদ্‌যাপিত হল রবীন্দ্রজন্মোৎসব। এবার কিছু অভিনবত্বও দেখা গেছে। মহাকরণ আলোকমালায় সেজেছে। পূর্ব রেলের 'সংস্কৃতি এক্সপ্রেস' হাওড়া স্টেশন থেকে ছেড়েছে। এক বছর পর ঐ পাঁচ-কামরার রেলগাড়িটা এই স্টেশনে ফিরে এলে তার চাকা থামবে।

এ বছর কবিগুরুর জন্মের সার্ধশতবর্ষ পূর্ণ হল। তাই এই ২০১০ সালকে ইতিহাসে একটু বিশেষভাবে চিহ্নিত করলে ভাল হয়। গতানুগতিকতার ধারায় বছরটা যেন ভেসে না যায়।

মনে আছে বেশ কিছু বছর আগে আমাদের এই রাজ্যের নতুন নামকরণ নিয়ে কথা উঠেছিল। কেউ তখন বলেছিলেন পশ্চিমবঙ্গের নাম 'বঙ্গভূমি' রাখা হোক্। কেউ বা বলেছিলেন 'গৌড়ভূমি'। আমার মনে হয় কবির জন্মের সার্ধশতবর্ষপূর্তির এই ২০১০ সাল সেই সুসময় যখন আমাদের এই রাজ্যকে 'রবীন্দ্রভূমি' নামে চিহ্নিত করা যায় কিনা নতুন করে একবার ভেবে দেখা যেতে পারে। কারণ এই সুজলা সুফলা শস্যশ্যামল বঙ্গভূমিকে রবীন্দ্রনাথ আজও সঞ্জীবিত করে রেখেছেন।

আশিস রায়, রঘুনাথগঞ্জ

এভাবে কিছু দিন যেতে না যেতে ভাই
হিসাব করি' লাভ ক্ষতি
হায়রে অতি লোভে দখলদারি নিয়ে
দু'জনা করে ঝটাপটি।
একটি পাখি বলে, না।
আমি জুলুমে ধরা নাহি দিব !
একটি পাখি বলে, হায় !
আমি কেমনে তোরে বুঝাইব !
দু'জনে বাসি বাসি করিয়া কষাকষি
কাজিয়া করে ক্ষণে ক্ষণে।
দোঁহার বাঁধা জুটি হায়রে গেল টুটি
কী ছিল বিধাতার মনে !

# জঙ্গীপুর পৌরসভার সম্মানীয় নাগরিকদের প্রতি আবেদন –

## আসন্ন পৌর নির্বাচনে আমাদের অঙ্গীকার ঃ

*সন্ত্রাস নয়, নৈরাজ্য নয়, কুৎসা নয়*

*চাই শান্তি – চাই উন্নয়ন*

*শুধুমাত্র উন্নত পরিকাঠামো বা উন্নত পরিষেবা নয় – চাই সামাজিক উন্নয়ন।*

*শিক্ষা-স্বাস্থ্য-ক্রীড়ার আরো অগ্রগতি।*

ভারতবর্ষের মানচিত্রে জঙ্গীপুর পৌরসভার গৌরব উজ্জ্বল ভূমিকাকে আরোও উন্নত করতে উন্নয়নের অগ্রদূত বর্তমান পৌরবোর্ডকে পুনঃ প্রতিষ্ঠিত করতে সর্বত্র বামফ্রন্ট প্রার্থীদের বিপুল ভোটে জয়ী করুন।

এই চিহ্নে বামফ্রন্ট প্রার্থীদের বোতাম টিপে ভোট দিন –




বামফ্রন্টের পক্ষে সি.পি.আই.(এম) এর জোনাল সম্পাদক দিব্যশঙ্কর শুকুল কর্তৃক প্রচারিত।

### একবার সুযোগ দিন - জঙ্গিপুর পুরসভায় (১ম পাতার পর)

ধারাবাহিকতা বজায় রাখতে পারছে না। গত ২৭ বছর ক্ষমতায় থেকেও নাগরিক পরিষেবা আশানুরূপ নয়। ২৯ রকমের প্রকল্পের ক্ষমতাসম্পন্ন নগর পালিকা আইন যথাযথভাবে বাস্তবায়িত করতে ব্যর্থ। আর্থ সামাজিক অবস্থার উন্নতির জন্য প্রয়োজনীয় সদিচ্ছাও তাদের নেই। ওয়ার্ড কমিটির মধ্যে দিয়ে এলাকার উন্নয়নের ধারা বাস্তবায়িত করতে হয়। কিন্তু বাস্তবে তার ভূমিকা এবং কার্য্যকারিতা কতটুকু নাগরিকেরা পেয়েছে ? আর্সেনিকমুক্ত জল কতটা নাগরিকদের কাছে পৌছে দেওয়া সম্ভব হয়েছে ? মিঞাপুরের ফ্লাইওভারের কাজ রেল দপ্তর শেষ করে দিলেও রাজনীতির কোপ থেকে বেরিয়ে এসে ফ্লাইওভারের কাজ কবে শেষ হবে ? এই পৌরসভার একজন সচেতন নাগরিক হিসেবে আপনাদেরই তা ভেবে দেখবার সময় এসেছে। পৌর নির্বাচনের ঠিক আগে গার্লস কলেজ, পলিটেকনিক কলেজ হওয়ার কথা বললেও তা নির্বাচনী চমক ছাড়া কিছু নয়। এইসব প্রচার সাধারণ মানুষকে ভাঁওতা দেওয়া মাত্র। জেলা পরিষদ থেকে প্রচুর টাকা পাওয়া সত্ত্বেও জঙ্গিপুরের একমাত্র মনোরম পর্য্যটন কেন্দ্র সুভাষ দ্বীপ কেন ধ্বংস হয়ে যাচ্ছে ? আপনারা ২৭ বছর অনেক দেখলেন। সচেতন নাগরিকদের বিবেকের কাছে অনুরোধ, আপনারা পরিবর্তনের মধ্যে দিয়ে শহরকে সুদৃঢ়ভাবে গড়ে তুলতে সঠিক প্রার্থীকে নির্বাচিত করুন। প্রণব মুখার্জী জঙ্গিপুরের সাংসদ, কেন্দ্রের অর্থমন্ত্রী। পরিবর্তনের মাধ্যমে কংগ্রেস প্রার্থীদের নির্বাচিত করুন। শহরের উন্নয়নের প্রয়োজনে টাকার কোন অসুবিধা হবে না। একবার সুযোগ দিয়ে দেখুন।

শেষ খবর : জঙ্গিপুরের সাংসদ প্রণব মুখার্জী গত ২৪ মে জঙ্গিপুর পুর এলাকা কিছুটা প্রদক্ষিণ করেন।

### বোমা বানাতে গিয়ে বিস্ফোরণে যুবক হত (১ম পাতার পর)

কংগ্রেস এই ঘটনায় একে অপরের বিরুদ্ধে অভিযোগের আঙ্গুল তুলেছে। ধুলিয়ানে সিপিএমের লোকাল কমিটির সম্পাদক মোহাঃ আজাদ আলি জানান, মৃত সুবক কংগ্রেস সমর্থক। পুর নির্ব্বাচনে সন্ত্রাস সৃষ্টির জন্য বোমা বাঁধা হচ্ছিল। অপরদিকে সমসেরগঞ্জ ব্লক কংগ্রেস সভাপতি তাসিরুদ্দিন জানান, মৃত নাজিমুল তাদের দলে কোন দিনই ছিল না। সিপিএম মিথ্যা অভিযোগ এনেছে।

উৎসবে, পার্বণে সাজাব আমরা
❖ রেডিমেড ও অর্ডার মতো সোনার গহনা নির্মাণ।
❖ সমস্ত রকম গ্রহরত্ন পাওয়া যায়।
❖ পণ্ডিত জ্যোতিষমণ্ডলীদ্বারা পরিচালিত আমাদের জ্যোতিষ বিভাগ।
❖ মনের মতো মুক্তার গহনা ও রাজস্থানের পাথরের গহনা পাওয়া যায়।
❖ K.D.M. Soldering সোনার গহনা আমাদের নিজস্ব শিল্পীদ্বারা তৈরী করি।
❖ আমাদের জ্যোতিষ বিভাগে বসছেন –
শ্রীমতী দেবযানী
অধ্যাপক শ্রীগৌরমোহন শাস্ত্রী, শ্রীরাজেন মিশ্র
স্বর্ণকমল রত্নালঙ্কার
হরিদাসনগর, রঘুনাথগঞ্জ কোর্ট মোড়
SBI এর কাছে, মুর্শিদাবাদ PH.: 03483-266345

### সুষ্ঠু পুর ভোট পরিচালনায় দুই (১ম পাতার পর)

পারবেন। ফোন নম্বর : ০৩৪৮৩/২৭৩৮২২, মো-৯৮৭৬৪০৫৪৫০। প্রথম পর্যায়ে দেবাশিসবাবু ৩-৫-১০ থেকে ৭-৫-১০ পর্যন্ত এখানে ছিলেন। পরবর্তী পর্যায়ে ২৭-৫-১০ থেকে ২-৬-১০ পর্যন্ত তিনি অবজারভারের দায়িত্বে থাকবেন। একইভাবে ধুলিয়ান পুর নির্বাচনে অবজারভারের দায়িত্বে নিযুক্ত রয়েছেন অবসরপ্রাপ্ত ডব্লু.বি.সি.এস অফিসার গৌতম সেনগুপ্ত। তিনিও একই গেষ্ট হাউসে অবস্থান করবেন। তার ফোন নম্বর ০৩৪৮৩/২৭০৮২৩, মোঃ ৯৮৭৬৪০৫৪৫৪। যোগযোগের সময় বেলা ৫টা পর্যন্ত।

### কংগ্রেস ক্ষমতায় এলে দলই পরিচালনা (১ম পাতার পর)

ধুলিয়ানের সব থেকে বড় সমস্যা। কংগ্রেস পুরসভায় ক্ষমতায় এলে ধুলিয়ান থেকে ঘোড়ার গাড়ী তুলে দিয়ে বিকল্প ব্যবস্থা হবে চালকদের জন্য। এদিনের কর্মিসভায় দক্ষিণ মালদহ কেন্দ্রের সাংসদ আবু হাসেম খাঁন চৌধুরী বলেন, মালদহ ও মুর্শিদাবাদে পরিবর্ত্তনের ঝড় উঠেছে। সিপিএমের সময় শেষ হয়ে আসছে।

### পুরবাসীরা আমাদেরই চান (১ম পাতার পর)

নৃপেনদা এখানে বিভিন্ন সভায় বক্তব্য রাখছেন। এলাকার মানুষের স্বতঃস্ফূর্ত আহ্বান আমাদের জয়কে সুদৃঢ় করছে। ৪ নং ওয়ার্ডের রঘুনাথপুর মাষ্টারপাড়া এলাকায় আমাদের প্রার্থী সাবিনা ইয়াসমিনের ফ্লেক্স নষ্ট করে দেয় দুস্কৃতীরা। কয়েকটা এলাকায় ভীতি প্রদর্শনও করা হচ্ছে। এক সাক্ষাতকারে এখবর জানান জঙ্গিপুরের পুরপতি ও সিপিএম রাজ্য কমিটির সদস্য মৃগাঙ্ক ভট্টাচার্য্য।

### জোট নিয়ে অধীরের সমালোচনায় (১ম পাতার পর)

কংগ্রেসের তিনজন এম পি ছিলেন। ২০০5 সালে জেলার ছটি পুরসভার মধ্যে মাত্র দুটি পেয়েছিল কংগ্রেস। ২০০৬-এ বিধানসভা ভোটে ১৯টি কেন্দ্রের মধ্যে কংগ্রেস পেয়েছিল মাত্র তিনটি। ২০০৮ সালে মা-মাটি-মানুষের ঝড়ে রাজ্যের সর্বত্র যখন জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি এবং পঞ্চায়েতে পরিবর্ত্তন এল তখন কিন্তু মুর্শিদাবাদ জেলা পরিষদ কংগ্রেসের হাত থেকে ছিনিয়ে নিল বামফ্রন্ট। অধীর চৌধুরীকে এর কৈফিয়ত দিতে হবে। ধুলিয়ানে মুকুলবাবু কংগ্রেস নেতাদের সতর্ক করে দিয়ে বলেন, রাজ্য জুড়ে পরিবর্ত্তনের ঝড় মুর্শিদাবাদেও প্রবেশ করেছে। এই জেলায় সিপিএম বিরোধী একমাত্র শক্তি হয়ে উঠেছে তৃণমূল কংগ্রেস। কর্মিসভায় তিনি সর্বস্তরের নেতা-কর্মিদের নিজ নিজ এলাকায় ব্যাপক প্রচারের আহ্বান জানান।

পাত্র চাই
কায়স্থ, মালদহ শহর নিবাসী অবসরপ্রাপ্ত সরকারী অফিসারের কন্যা, 28/5'-1'', B.Sc (Pure), হাইস্কুল শিক্ষিকা (SSC) (সামসেরগঞ্জ ব্লক) পাত্রীর জন্য উপযুক্ত সরকারী চাকুরে / হাইস্কুল শিক্ষক, স্ব/অসবর্ণ পাত্র কাম্য। যোগাযোগ-9832303774

আমাদের প্রচুর ষ্টক –
তাই জ্যৈষ্ঠ-আষাঢ়-শ্রাবণের বিয়ের কার্ড পছন্দ করে নিতে সরাসরি চলে আসুন।
নিউ কার্ডস ফেয়ার
(দাদাঠাকুর প্রেস)
রঘুনাথগঞ্জ (ফোন : ২৬৬২২৮)

NATIONAL AWARD WINNER 2008
Coolfi ICE CREAM
AN ISO 9001-2000
ডিলারশিপ ও পার্টি অর্ডারের জন্য যোগাযোগ করুন –
গোবিন্দ গাম্ভিরা
মির্জাপুর, পোঃ গনকর, জেলা মুর্শিদাবাদ
ফোন-০৩৪৮৩-২৬২২২৫ / মো.-৯৭৩২৫৩২৯২৯

দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন, চাউলপট্টি, পোঃ-রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ) পিন-৭৪২২২৫ হইতে স্বত্বাধিকারী অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।